দৈনিক ইত্তেফাক

তারিখ 26 DEC 1995
পৃষ্ঠা ... কলাম ...

108

# সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নূতন কর্মসূচী ঘোষণা

ইত্তেফাক রিপোর্ট ।। বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ গতকাল সোমবার ৯-দফা দাবী আদায়ের লক্ষ্যে প্রতীক অনশন পালন করেন। অনশনশেষে আগামী ১রা জানুয়ারী হইতে ১৬ই জানুয়ারী পর্যন্ত থানা ও জেলা সদরে সভা-সমাবেশ, ১৭ই মার্চ হইতে অনির্দিষ্টকালের জন্য শিক্ষক ধর্মঘট এবং ২০শে মার্চ জাতীয় প্রেস-ক্লাবের সম্মুখে আমরণ অনশনের কর্মসূচী ঘোষণা করা হয়। অনশন কর্মসূচীতে সমিতির সভাপতি মোঃ নুরুজ্জামান, সহ-সভাপতি মহিউদ্দিন নেহাল, জাফর আহমদ, তাছাদুজ্জামান, সাধারণ সম্পাদক আবদুল আউয়াল তালুকদার, আবদুস সাত্তার, মোজাম্মেল হক, আবদুল মান্নান আকন্দ, রাবেয়া বেগম ও মিসেস সালামসহ অন্যান্য নেতা অংশগ্রহণ করেন।